২০১৮ সালের নিউইয়র্ক কংগ্রেসনাল প্রাইমারী নির্বাচনে প্রার্থীদের উপর জরিপ
কংগ্রেসনাল ডিষ্ট্রিক্ট-৫

APA VOICE
ASIAN PACIFIC AMERICANS VOTING & ORGANIZING TO INCREASE CIVIC ENGAGEMENT



(ছবি সূত্র: https://www.dems.gov/member/gregory-meeks/)

গ্রেগরি মিকস, ডেমোক্রেটিক পার্টি

শিক্ষা

প্রশ্ন: আপনি নির্বাচিত হলে ঐতিহাসিকভাবে গোষ্ঠীগত ও আর্থ-সামাজিকভাবে বিভক্ত স্কুলগুলোতে বৈচিত্রতার (ডাইভারসিটি) উদ্যোগে আপনার অবস্থান কী হবে? ফেডারেল অর্থায়নে পরিচালিত কর্মসূচিতে এবং/অথবা নীতিমালাকে প্রভাবিত করতে আপনি কী পদক্ষেপ গ্রহণ করবেন?

উত্তর: একজন পিতা হিসেবে আমি জানি যে, জাতিগোষ্ঠীগত বৈচিত্রের প্রেক্ষাপটে অর্জিত শিক্ষা পদ্ধতি কতটা গুরুত্বপূর্ণ। বলা হয়ে থাকে যে, সিটির ডাইভার্সিটির প্রতিফলন নিশ্চিত করতে নিউইয়র্ক সিটিতে যথেষ্ট সমস্যা রয়েছে। আমি নিউইয়র্ক সিটি ডিপার্টমেন্ট এডুকেশনের সাথে আলোচনা করেছি, যেসব কারণে বিভাজন ঘটছে তার পেছনে প্রাতিষ্ঠানিক দিকগুলোকে ঠিক করা এবং বিশ্বাস করি যে, সকল স্কুল উচ্চ মান সম্পন্ন শিক্ষা প্রদান করতে সক্ষম হবে, শুধুমাত্র বিত্তবান কমিউনিটিকে নয়। এই ইস্যুতে একটি আবাসন উপাদানও রয়েছে, ডাইভারসিটি উৎসাহিত করার জন্য যার সমাধান করতে হবে ফেডারেল সরকারকে, এবং নিম্ন আয়সম্পন্ন পরিবারগুলো যাতে উন্নয়ন কর্মের কারণে নেইবারহুড থেকে চলে যেতে বাধ্য না হয়।

আগ্নেয়াস্ত্র নিয়ন্ত্রণ

প্রশ্ন: আগ্নেয়াস্ত্র নিয়ন্ত্রণে আপনার অবস্থাণ কী এবং আপনি যদি নির্বাচিত হন, তাহলে আপনি সুনির্দিষ্টভাবে কোন্ নীতিমালা বাস্তবায়নের পক্ষে থাকবেন?

উত্তর: আমি দীর্ঘদিন যাবত আগ্নেয়াস্ত্র নিয়ন্ত্রণ করার জন্য সাধারণ বোধসম্পন্ন আইন প্রণয়নের পক্ষে বলে আসছি, যার মধ্যে থাকবে আগ্নেয়াস্ত্র প্রদর্শনের মাঝে যে ফাঁকফোকড় সেগুলো রুদ্ধ করা ও সার্বজনীন ব্যাকগ্রাউন্ড চেক করার আইন বাস্তবায়ন করা, ফেডারেল অ্যাসল্ট ওয়েপনস নিষেধাজ্ঞা কার্যকর করা এবং যেসব ষ্টেটে আগ্নেয়াস্ত্র নিয়ন্ত্রণ ব্যবস্থায় শৈথিল্য আছে সেসব ষ্টেট থেকে নিউইয়র্কে আগ্নেয়াস্ত্রের প্রবেশ রোধ করা। আমি আশা করি ডেমোক্রেট প্রধান কংগ্রেসে আমি অনেক আগে প্রস্তাবিত সংস্কার আইন প্রণয়নে ভূমিকা রাখতে সক্ষম হবো। আমি 'ইনভেষ্টর চয়েস এগেইনষ্ট গান প্রলিফারেশন অ্যাক্ট উত্থাপন করেছি, যাতে সরকারি কোম্পানিগুলো আগ্নেয়াস্ত্র শিল্পের সাথে তাদের সম্পর্ক প্রকাশ করে।

স্বাস্থ্যসেবা

প্রশ্ন: ইমিগ্রান্টদের চিকিৎসা সেবার জন্য অর্থমূল্য আরোপ নিয়ে সম্প্রতি যে আলোচনা চলছে তার পরিপ্রেক্ষিতে নিউইয়র্কের ইমিগ্রান্টদের বর্তমানে চালু চিকিৎসা সেবা অব্যাহত রাখা নিশ্চিত করার জন্য আপনি কী পদক্ষেপ গ্রহণ করবেন?

উত্তর: অ্যাফোর্ডেবল কেয়ার অ্যাক্টের নিরাপত্তা থেকে আমেরিকানরা যে সুবিধা লাভ করছিল তা বাধাগ্রস্ত করতে রিপাবলিকান পার্টি ও বর্তমান প্রশাসন এই আইনে বিঘ্ন সৃষ্টি ও বাতিল করার নীতি গ্রহণ করেছে। এ ব্যবস্থা নিউইয়র্কবাসীদের সাধ্যের মধ্যে স্বাস্থ্যসেবা সুবিধাকে নিরুৎসাহিত করার উদ্যোগ। রিপাবলিকান পার্টি ওবামাকেয়ার নিয়ে তাদের সমস্যার সমাধান করার জন্য ডেমোক্রেটিক পার্টির সাথে একযোগে কাজ করার পরিবর্তে ব্যক্তি পর্যায়ের কর্তৃত্ব বাতিল করে হেলথ ইন্স্যুরেন্সের প্রিমিয়াম হার আকাশচুম্বী করতে ভূমিকা রেখেছে। চিকিৎসা সহায়তার প্রয়োজনের সময় আপনাকে যাতে দেউলিয়াত্বের মুখে না ফেলে সেজন্য আমাদের স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে লড়ে যাবো।

ইমিগ্রেশন

প্রশ্ন: ইমিগ্রেশন নীতিতে সাম্প্রতিককালে যেসব পরিবর্তন আনা হয়েছে এবং যেসব পরিবর্তনের জন্য প্রস্তাব আনা হয়েছে, সেই আলোকে আপনি কী বিদ্যমান ইমিগ্রেশন নীতি সংরক্ষণের পক্ষে থাকবেন?

উত্তর: বিশ্বের বরো হিসেবে পরিচিত কুইন্সে আমরা আমাদের সমাজ ও অর্থনীতিতে ইমিগ্রান্টদের অবদানের গুরুত্ব সম্পর্কে জানি। বর্তমান প্রশাসন বর্ণবাদী নীতি বাস্তবায়ন করছে, যা আমাদের ষ্টেট ও আমাদের সীমান্তে আনডকুমেন্টেড ইমিগ্রান্টদের উপর নজীরবিহীন নিষ্ঠুরতার কারণ হয়ে দাঁড়িয়েছে। আমি আমাদের 'ড্রিমারদের' রক্ষা করতে আমার প্রচেষ্টা অব্যাহত রাখবো, সীমান্তে উদারতা ও মানবিকতা পুন:প্রতিষ্ঠা করবো এবং সিটিজেনশিপের পথ সৃষ্টির লক্ষ্যে আমাদের ইমিগ্রেশন ব্যবস্থায় সংস্কার সাধন করবো। কোন ইমিগ্রান্টের লুকিয়ে থাকতে বাধ্য এরকম অনুভব করা উচিত নয়। আমাদের উচিত অত্যন্ত বঞ্চিত নিউইয়র্কারদের জন্য সম্ভাব্য সকল নিরাপত্তা নিশ্চিত করা।

আদমশুমারি

প্রশ্ন: প্রতিনিধিত্বে ঘাটতি রয়েছে এমন এবং দুর্বল কমিউনিটিগুলোর যথাযথ প্রতিনিধিত্ব নিশ্চিত করতে ২০২০ সালের জরিপে আপনি কী পদক্ষেপ নিয়েছেন বা গ্রহণ করবেন?

উত্তর: বর্তমান প্রশাসন আদমশুমারিতে বৈধ ষ্ট্যাটাস সংক্রান্ত একটি প্রশ্ন যোগ করায় বিশেষ করে নিউইয়র্কে একটি হুমকি সৃষ্টি করেছে, যেখানে বৃহৎ ইমিগ্রান্ট জনগোষ্ঠী সত্যিই উদ্বিগ্ন হয়েছে যে তাদের উত্তর তাদের বিরুদ্ধে প্রয়োগ করা হতে পারে। আদমশুমারি কখনোই রাজনৈতিক ইস্যু ছিল না এবং নিউইয়র্কের জনগণকে কম গুরুত্ব দেয়ার মাধ্যমে আমাদের ষ্টেটের সকল অধিবাসীকে সহায়তা করার ক্ষেত্রে ষ্টেট স্বল্প পরিমাণে সম্পদ/আর্থিক অনুদান লাভ করবে। ২০২০ সালের আদমশুমারির প্রশ্নকে চ্যালেঞ্জ করার জন্য আমি একটি আইনগত সহায়তা গ্রুপের সাথে কাজ করছি।

দ্রষ্টব্য: ২০১৮ সালের নিউইয়র্ক কংগ্রেসনাল প্রাইমারী নির্বাচনে প্রার্থীদের উপর APA VOICE (ভোটিং এন্ড অর্গানাইজিং টু ইনক্রিজ সিভিক এনগেজমেন্ট) কর্তৃক পরিচালিত এই জরিপের উদ্দেশ্য সম্পূর্ণ তথ্যমূলক। সংশ্লিষ্ট কংগ্রেসনাল ডিষ্ট্রিক্টের প্রার্থীদের সাথে ইমেইলে যোগাযোগ করা হয়েছে এবং প্রত্যেককে একই প্রশ্ন সরবরাহ করা হয়েছে। প্রতিটি প্রশ্নের উত্তরের জন্য নির্ধারিত ছিল ১২০টি করে শব্দ এবং উত্তর দেয়ার জন্য এক সপ্তাহ সময় দেয়া হয়েছিল। যেসব প্রার্থী নির্ধারিত সময়সীমার মধ্যে সাড়া দেননি তাদের ক্ষেত্রে "*" চিহ্ন দেয়া হয়েছে এবং তাদের অবস্থান সম্পর্কে তথ্য গ্রন্থিত হয়েছে সবার জন্য উন্মুক্ত এরকম সূত্র থেকে। APA VOICE একটি নিরপেক্ষ প্রতিষ্ঠান এবং এটি কোন রাজনৈতিক দল বা প্রার্থীর সমর্থক নয়।

(ছবি সূত্র: https://www.facebook.com/Mizan4Congress/)

মিজান চৌধুরী, ডেমোক্রেটিক পার্টি

শিক্ষা

প্রশ্ন: আপনি নির্বাচিত হলে ঐতিহাসিকভাবে গোষ্ঠীগত ও আর্থ-সামাজিকভাবে বিভক্ত স্কুলগুলোতে বৈচিত্রতার (ডাইভারসিটি) উদ্যোগে আপনার অবস্থান কী হবে? ফেডারেল অর্থায়নে পরিচালিত কর্মসূচিতে এবং/অথবা নীতিমালাকে প্রভাবিত করতে আপনি কী পদক্ষেপ গ্রহণ করবেন?

উত্তর: আমি মেধা-ভিত্তিক বিশেষায়িত স্কুল এবং ডাইভার্সিটি উদ্যোগকে সমর্থন করি। কমিউনিটি এবং নাগরিকদের জীবনের উন্নয়নের জন্য প্রতিটি নাগরিকের জন্য সুযোগ সুবিধা অবশ্যই নিশ্চিত করতে হবে। কমিউনিটিগুলোকে অবশ্যই সংলাপে যুক্ত হতে হবে এবং স্কুলগুলোকে ডাইভার্সিফাই করতে হবে, যাতে যে এলাকায় স্কুল অবস্থিত, স্কুলে সেখানকার কমিউনিটির প্রতিফলন ঘটে। আমি কংগ্রেসে আমার সহযোগীদের সঙ্গে একযোগে কাজ করবো এই লক্ষ্যে আইন প্রণয়ন এবং এটিকে অগ্রাধিকারে পরিণত করতে।

আগ্নেয়াস্ত্র নিয়ন্ত্রণ

প্রশ্ন: আগ্নেয়াস্ত্র নিয়ন্ত্রণে আপনার অবস্থাণ কী এবং আপনি যদি নির্বাচিত হন, তাহলে আপনি সুনির্দিষ্টভাবে কোন্ নীতিমালা বাস্তবায়নের পক্ষে থাকবেন?

উত্তর: আমি আগ্নেয়াস্ত্র নিয়ন্ত্রণ সমর্থন করি। আগ্নেয়াস্ত্র নিয়ন্ত্রণ আইনে আবেদনকারীর বয়স অবশ্যই ন্যূনতম ২১ বছর হতে হবে. পরীক্ষণ পদ্ধতিতে ব্যাকগ্রাউন্ড চেক করতে হবে এবং জনসাধারণের জন্য সকল অ্যাসল্ট রাইফেল নিষিদ্ধ করতে হবে।

স্বাস্থ্যসেবা

প্রশ্ন: ইমিগ্রান্টদের চিকিৎসা সেবার জন্য অর্থমূল্য আরোপ নিয়ে সম্প্রতি যে আলোচনা চলছে তার পরিপ্রেক্ষিতে নিউইয়র্কের ইমিগ্রান্টদের বর্তমানে চালু চিকিৎসা সেবা অব্যাহত রাখা নিশ্চিত করার জন্য আপনি কী পদক্ষেপ গ্রহণ করবেন?

উত্তর: ইমিগ্রেশন ষ্ট্যাটাস নির্বিশেষে জনসাধারণের আশা আকাংখা, সুযোগ সুবিধা লাভের ক্ষেত্রে নিউইয়র্ক এক আলোক বর্তিকা। প্রেসিডেন্ট ট্রাম্প বৈধ ইমিগ্রান্ট পরিবারকে ডিপোর্ট করার পথ বের করতে আইন প্রণয়নের কথা বিবেচনা করছেন, কারণ তারা 'চিলড্রেন্'স হেলথ ইন্স্যুরেন্স প্রোগ্রাম (CHIP) বা অন্যান্য চিকিৎসা সুবিধা গ্রহণ করে থাকে। আমরা এটা মেনে নিতে পারি না। আমরা প্রতিটি নিউইয়র্কারকে রক্ষা করবো।

ইমিগ্রেশন

প্রশ্ন: ইমিগ্রেশন নীতিতে সাম্প্রতিককালে যেসব পরিবর্তন আনা হয়েছে এবং যেসব পরিবর্তনের জন্য প্রস্তাব আনা হয়েছে, সেই আলোকে আপনি কী বিদ্যমান ইমিগ্রেশন নীতি সংরক্ষণের পক্ষে থাকবেন?

উত্তর: ১৯৬৫ সালের দ্য ইমিগ্রেশন এন্ড ন্যাশনালিটি অ্যাক্ট একটি গুরুত্বপূর্ণ আইন, যেটি এশিয়া, আফ্রিকা এবং বিশ্বের অন্যান্য অংশ থেকে লোকজনের যুক্তরাষ্ট্রে আগমণের সুযোগ সৃষ্টি করেছে, যা ইতিপূর্বে নিষিদ্ধ ছিল। আমি এই আইনকে রক্ষা করবো। আমাদের একটি পুলিশ রাষ্ট্রে পরিণত হওয়া উচিত নয়, যেখানে আমাদের অগ্রাধিকার হবে বলপ্রয়োগ ও অপরাধমূলক আচরণ। আমাদের প্রয়োজন আমাদের মানবতাকে সংরক্ষণ করা – DACA এবং TPS –কর্মসূচীকে সমর্থন করা, মা-বাবার নিকট থেকে শিশুদের বিচ্ছিন্নকরণের উপর নিষেধাজ্ঞা এবং মানুষকে বন্দি না রাখা।

আদমশুমারি

প্রশ্ন: প্রতিনিধিত্বে ঘাটতি রয়েছে এমন এবং দুর্বল কমিউনিটিগুলোর যথাযথ প্রতিনিধিত্ব নিশ্চিত করতে ২০২০ সালের জরিপে আপনি কী পদক্ষেপ নিয়েছে বা গ্রহণ করবেন?

উত্তর: স্বল্প প্রতিনিধিত্বশীল ও দুর্বল কমিউনিটিগুলোর প্রয়োজন সচেতনতা বৃদ্ধি যে ২০২০ সালে আদমশুমারি হবে এবং এটি গুরুত্বপূর্ণ, তাদের উচিত আদমশুমারির ফরম পূরণ এবং এতে অংশগ্রহণ করা। প্রত্যেকেরই গুরুত্ব রয়েছে এবং আমাদেরকে অবশ্যই আদমশুমারির ফলাফল থেকে রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে নির্বাচনী এলাকা নির্ধারণ করা ঠেকাতে হবে।

২০১৮ সালের নিউইয়র্ক কংগ্রেসনাল প্রাইমারী নির্বাচনে প্রার্থীদের উপর জরিপ
কংগ্রেসনাল ডিষ্ট্রিক্ট-৫

APAVOICE
ASIAN PACIFIC AMERICANS VOTING & ORGANIZING TO INCREASE CIVIC ENGAGEMENT

(ছবি সূত্র: https://www.facebook.com/AchilleforCongress/)

কার্ল এইচ. অ্যাচিলি, ডেমোক্রেটিক পার্টি*

শিক্ষা
প্রশ্ন: আপনি নির্বাচিত হলে ঐতিহাসিকভাবে গোষ্ঠীগত ও আর্থ-সামাজিকভাবে বিভক্ত স্কুলগুলোতে বৈচিত্রতার (ডাইভারসিটি) উদ্যোগে আপনার অবস্থান কী হবে? ফেডারেল অর্থায়নে পরিচালিত কর্মসূচিতে এবং/অথবা নীতিমালাকে প্রভাবিত করতে আপনি কী পদক্ষেপ গ্রহণ করবেন?
উত্তর: শিক্ষার জন্য পর্যাপ্ত অর্থায়ন (Source: https://www.achilleforcongress.com/projects/)

আগ্নেয়াস্ত্র নিয়ন্ত্রণ
প্রশ্ন: আগ্নেয়াস্ত্র নিয়ন্ত্রণে আপনার অবস্থাণ কী এবং আপনি যদি নির্বাচিত হন, তাহলে আপনি সুনির্দিষ্টভাবে কোন্ নীতিমালা বাস্তবায়নের পক্ষে থাকবেন?
উত্তর: সকল আগ্নেয়াস্ত্র ক্রেতার জন্য সম্প্রসারিত ব্যাকগ্রাউন্ড চেক। সামরিক শ্রেণীর অস্ত্র আমাদের রাস্তা ও আমাদের স্কুল থেকে দূরে রাখা। (Source: https://www.achilleforcongress.com/projects/)

স্বাস্থ্যসেবা
প্রশ্ন: ইমিগ্রান্টদের চিকিৎসা সেবার জন্য অর্থমূল্য আরোপ নিয়ে সম্প্রতি যে আলোচনা চলছে তার পরিপ্রেক্ষিতে নিউইয়র্কের ইমিগ্রান্টদের বর্তমানে চালু চিকিৎসা সেবা অব্যাহত রাখা নিশ্চিত করার জন্য আপনি কী পদক্ষেপ গ্রহণ করবেন?
উত্তর: সকলের জন্য স্বাস্থ্য সেবা। (Source: https://www.achilleforcongress.com/projects/)

ইমিগ্রেশন
প্রশ্ন: ইমিগ্রেশন নীতিতে সাম্প্রতিককালে যেসব পরিবর্তন আনা হয়েছে এবং যেসব পরিবর্তনের জন্য প্রস্তাব আনা হয়েছে, সেই আলোকে আপনি কী বিদ্যমান ইমিগ্রেশন নীতি সংরক্ষণের পক্ষে থাকবেন?
উত্তর: আমাদের 'ড্রিমারদের রক্ষা করুন এবং চূড়ান্তভাবে সিটিজেনশিপের প্রকৃত পন্থা বের করুন| (Source: https://www.achilleforcongress.com/projects/)

আদমশুমারি
প্রশ্ন: প্রতিনিধিত্বে ঘাটতি রয়েছে এমন এবং দুর্বল কমিউনিটিগুলোর যথাযথ প্রতিনিধিত্ব নিশ্চিত করতে ২০২০ সালের জরিপে আপনি কী পদক্ষেপ নিয়েছে বা গ্রহণ করবেন?
উত্তর: নির্বাচনী প্রচারণা সংক্রান্ত ওয়েবসাইটে ২০২০ সালের আদমশুমারি সম্পর্কিত কিছু উল্লেখ করা হয়নি।

দ্রষ্টব্য: ২০১৮ সালের নিউইয়র্ক কংগ্রেসনাল প্রাইমারী নির্বাচনে প্রার্থীদের উপর APA VOICE (ভোটিং এন্ড অর্গানাইজিং টু ইনক্রিজ সিভিক এনগেজমেন্ট) কর্তৃক পরিচালিত এই জরিপের উদ্দেশ্য সম্পূর্ণ তথ্যমূলক। সংশ্লিষ্ট কংগ্রেসনাল ডিষ্ট্রিক্টের প্রার্থীদের সাথে ইমেইলে যোগাযোগ করা হয়েছে এবং প্রত্যেককে একই প্রশ্ন সরবরাহ করা হয়েছে। প্রতিটি প্রশ্নের উত্তরের জন্য নির্ধারিত ছিল ১২০টি করে শব্দ এবং উত্তর দেয়ার জন্য এক সপ্তাহ সময় দেয়া হয়েছিল। যেসব প্রার্থী নির্ধারিত সময়সীমার মধ্যে সাড়া দেননি তাদের ক্ষেত্রে "*" চিহ্ন দেয়া হয়েছে এবং তাদের অবস্থান সম্পর্কে তথ্য গ্রন্থিত হয়েছে সবার জন্য উন্মুক্ত এরকম সূত্র থেকে। APA VOICE একটি নিরপেক্ষ প্রতিষ্ঠান এবং এটি কোন রাজনৈতিক দল বা প্রার্থীর সমর্থক নয়।